

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২৬, ২০২৪

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক

সিস্টেমস্ অব মেডিসিন

৭৫/বি, ইন্দিরা রোড, ফার্মগেট, ঢাকা-১২১৫।

বিজ্ঞপ্তি

তারিখ : ২৪ জুন ২০২৪ খ্রি.

নং বিইউএ/স্ব.বি.বা/৩৩০/২০১২/৩২৯৪—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের গত ২৩-০৮-২০২২ খ্রি. তারিখের সভায় হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ কর্তৃক উক্ত বিশ্ববিদ্যালয়ের ইউনানী ও আয়ুর্বেদিক মেডিসিন অনুশদকে একটি স্বতন্ত্র ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ/ইনস্টিটিউটে রূপান্তরের ১০(৪) নং সিদ্ধান্ত মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ২৮ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের ৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২০.২২.৪৬৫ সংখ্যক স্মারক মাধ্যমে দি বাংলাদেশ ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স, ১৯৮৩ এর সেকশন ১৬ (৪) মোতাবেক হামদর্দ ইনস্টিটিউট অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক মেডিসিন-কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অন্তর্বর্তীকালীন স্বীকৃতি প্রদান করা হয়েছে।

শর্তাবলি :

- হামদর্দ ইনস্টিটিউট অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক মেডিসিন এর কার্যক্রম স্বতন্ত্র ভবনে পরিচালিত হবে।
- হামদর্দ ইনস্টিটিউট অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক মেডিসিন সংলগ্ন অন্ততঃ ৩০ শয্যাবিশিষ্ট ইনডোর হাসপাতাল ও বহির্বিভাগীয় দাতব্য চিকিৎসাসেবা কার্যক্রম চালু রাখতে হবে।
- শিক্ষার্থীদের ব্যবহার উপযোগী ভেজ উদ্ভিদ বাগান থাকতে হবে।
- উপযুক্ত মানের ল্যাবরেটরী ও পাঠাগার বিদ্যমান থাকতে হবে।
- সরকার এবং বোর্ডের নিকট কোনোরূপ আর্থিক মঞ্জুরী দাবি করা যাবে না।

মোহাম্মদ মিজানুর রহমান

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২০১৮৭)

মূল্য : টাকা ৪.০০